

# ‘রাজ্যে মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় কমিশন নির্বিকার’

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: পশ্চিমবঙ্গে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা দিন দিন বাড়ছে। বাড়ছে পুলিশি হেপাজতে অত্যাচারের ঘটনা। অথচ প্রশাসনের পাশাপাশি রাজ্য মানবাধিকার কমিশনও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সুবিচার দিতে ব্যর্থ। স্বেচ্ছাসেবী সংগঠন মানবাধিকার সুরক্ষা মঞ্চ (মাসুম)-র পক্ষ থেকে বৃহস্পতিবার এই অভিযোগ করা হয়েছে। এদিন কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক বৈঠক ডেকে সংগঠনের সাধারণ সম্পাদক কিরিটী রায় আরও বলেন, গত পাঁচ বছর ধরে কমিশনের কোনও রিপোর্ট রাজ্য সরকার প্রকাশ করছে না। অন্যদিকে, সুবিচার চেয়ে কমিশনের কাছে বছরের পর বছর ঘুরে চলেছেন অভিযোগকারীরা। বহু ক্ষেত্রে কমিশনের নির্দেশকে প্রশাসন উপেক্ষা করছে।

পশ্চিমবঙ্গে মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলি নিয়ে এ বছর জুন মাসে ওই সংগঠনের পক্ষ থেকে একটি জন-আদালতের ব্যবস্থা করা হয়েছিল। সেই আদালতে দু-দিনে ৮৮টি কেসের শুনানি হয়। দেড় হাজারের বেশি মানুষ তাতে অংশ গ্রহণ করে। কিরিটীবাবু অভিযোগ করেন, রাজ্যে ফৌজদারি বিচার ব্যবস্থা আজও ব্রিটিশ শাসনের সময়ে পড়ে আছে। বহু রাজ্য নতুন পুলিশ আইন চালু করলেও রাজ্যের বামফ্রন্ট সরকার এই ব্যাপারে কোনওরকম উচ্চবাচ্য করছে না। এমনকী প্রচলিত আইনে নাগরিকদের যে সব সুযোগ সুবিধা দেওয়ার কথা বলা আছে, প্রশাসন তাও মানছে না।